

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর  
মৎস্য ভবন, রমনা, ঢাকা  
www.fisheries.gov.bd

নং- ৩৩.০২.০০০০.১২০.০২.০৩৫.২৩- ৩২

তারিখ: ২৪/০১/২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: 'জাতীয় মৎস্য পদক ২০২৩' প্রদানের নিমিত্ত মনোনয়ন প্রস্তাব নির্ধারিত ছকে যথাযথভাবে পূরণ ও প্রেরণে পালনীয় আবশ্যিকীয় নির্দেশনাবলী।

সূত্র: মৎস্য অধিদপ্তর এর পত্র নং- ৩৩.০২.০০০০.১২০.০২.০৩৫.২৩-০৩, তারিখ: ০৪/০১/২০২৩ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'জাতীয় মৎস্য পদক ২০২৩' প্রদানের নিমিত্ত 'জাতীয় মৎস্য পদক নীতিমালা ২০১৯ (২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত সংশোধিত)' এর আলোকে নির্ধারিত ছকে ইতোমধ্যে মনোনয়ন প্রস্তাব আহবান করা হয়েছে। বিগত বছরের পর্যালোচনায় দেখা যায় যে, নীতিমালা অনুযায়ী প্রাসংগিক তথ্যাদিসহ মনোনয়ন প্রস্তাব যথাযথভাবে পূরণ ও সংশ্লিষ্ট প্রমাণকসমূহ প্রায়শই সঠিকভাবে প্রেরণ করা হয় না। ফলে মনোনয়ন প্রস্তাব পর্যালোচনা, যাচাই-বাছাই ও জাতীয় পর্যায়ে পদক প্রদানের জন্য নির্বাচন করা দুরূহ হয়ে পড়ে। সে প্রেক্ষিতে, 'জাতীয় মৎস্য পদক ২০২৩' এর মনোনয়ন প্রস্তাব যথাযথভাবে পূরণ ও প্রেরণের নিমিত্ত উল্লিখিত নীতিমালা ও প্রাসংগিক বিষয়াদি বিবেচনায় প্রয়োজনীয় সুনির্দিষ্ট নির্দেশনাবলী প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, বর্ণিত নীতিমালা ও নির্দেশনাবলীর আলোকে 'জাতীয় মৎস্য পদক ২০২৩' এর মনোনয়ন প্রস্তাব যথাযথভাবে পূরণ ও প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ৬(ছয়) পৃষ্ঠা।

(অলক কুমার সাহা)

উপপরিচালক (মৎস্যচাষ)

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

ফোনঃ ০২-২২৩৩৮১৫৯২

ই-মেইল: ddaqaa@fisheries.gov.bd

১. জেলা মৎস্য কর্মকর্তা (সকল)

২. সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়)-

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/ বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ;
২. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. ....
৪. দপ্তর নথি